# বুলুগুল মারাম

## হাদিস নাম্বারঃ ৯২৩

পর্ব - ৭ঃ ক্রয়-বিক্রয়ের বিধান (كتاب البيوع)

পরিচ্ছেদঃ ১৬. অনাবাদী জমির আবাদ - জমি বরাদ্দ প্রসঙ্গ

### আরবী

وَعَنِ ابْنِ عُمَرَ ـ رَضِيَ اللَّهُ عَنْهُمَا ـ، أَنَّ النَّبِيَّ ـ صلى الله عليه وسلم ـ أَقْطَعَ الزُّبَيْرَ حُضْرَ فَرَسِهِ, فَأَجْرَى الْفَرَسَ حَتَّى قَامَ, ثُمَّ رَمَى سَوْطَهُ. فَقَالَ: «أَعْطُوهُ حَيْثُ بَلَغَ السَّوْطُ». رَوَاهُ أَبُو دَاوُدَ وَفِيهِ ضَعْفٌ

ضعيف. رواه أبو داود (3072)

### বাংলা

৯২৩। ইবনু ’উমার (রাঃ) থেকে বর্ণিত যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যুবায়ের (রাঃ)-এর জন্য তার ঘোড়ার দৌড়ানোর শেষ সীমা পর্যন্ত জমি দেয়ার জন্য বরাদ্দ করলেন। অতঃপর তিনি ঘোড়া দৌড়ালেন ও তা একস্থানে গিয়ে দাঁড়াল, তারপর তিনি তার চাবুকখানি নিক্ষেপ করলেন। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এবার বললেন, তাকে তার চাবুক নিক্ষিপ্ত হবার স্থান পর্যন্ত দিয়ে দাও।-এর সানাদে দুর্বলতা আছে।[1]

### ফুটনোট

[1] আবূ দাউদ ৩০৭২। ইমাম সনআনী সুবুলুস সালাম ৩/১৩৫ গ্রন্থে বলেন, এর সানাদে আবদুল্লাহ বিন আমরা বিন খাফস নামক বিতর্কিত বর্ণনাকারী রয়েছে। ইবনু উসাইমীন তাঁর বুলুগুল মারাম ৪/২৭০ গ্রন্থেও এর সানাদে দুর্বলতার কথা বলেছেন। শাইখ আলবানী যঈফ আবূ দাউদ ৩০৭২, আত তালীকাত আর রযীয়্যাহ ২/৪৫৯ গ্রন্থে একে দুর্বল বলেছেন। ইমাম শাওকানী আদ দুরারী আল মায়ীয়্যাহ ২৮০ ও নাইলুল আওত্বার ৬/৫৬ গ্রন্থদ্বয়ে উক্ত আবদুল্লাহ বিন আমার বিন খাফিস নামক বর্ণনাকারীকে বিতর্কিত বলেছেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=70734

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন